NRBC BANK

# এনআরবিসি ব্যাংক পিএলসি.

ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ (৩) ধারা অনুযায়ী)

## বন্ধকীকৃত সম্পত্তি পুনঃ নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে এনআরবিসি ব্যাংক পিএলসি, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম-এর খেলাপী ঋণ গ্রহীতা **মেসার্স এস. এ এন্টারপ্রাইজ**; ব্যবসায়িক ঠিকানা- ১৫০, বলুয়ার দিঘী, পশ্চিম কোরবানীগঞ্জ, চট্টগ্রাম এর স্বত্বাধিকারী- এ কে এম শাহ আলম (স্বত্বাধিকারী); বর্তমান এবং স্থায়ী ঠিকানাঃ- ১৫০, বলুয়ার দিঘী, পশ্চিম কোরবানীগঞ্জ, চট্টগ্রাম; এর নিকট ঋণ হিসাবে ১২/০৮/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচ সহ ব্যাংকের মোট পাওনা **৭,৫০,৯৫,৫৫২.৩১/- (সাত কোটি পঞ্চাশ লক্ষ পচানব্বই হাজার পাঁচশত বায়ান্ন টাকা একত্রিশ পয়সা)** মাত্র এবং আদায় কালতক সুদ ও অন্যান্য খরচ আদায়ের নিমিত্তে বিজ্ঞ অর্থঋণ আদালত, চট্টগ্রাম এ দাখিলকৃত অর্থঋণ মোকদ্দমা নং ৪৪০/২০২৪ চলমান আছে। উক্ত মোকদ্দমায় আদালতের ২০-০৩-২০২৫ তারিখের ৭ নং আদেশ মোতাবেক তফসিল বর্ণিত স্থাবর সম্পত্তি (যাহা বন্ধককৃত ও বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে।

**সম্পত্তির তফসিল**

**বন্ধকী দলিল নং-৩৪৫৪, তারিখ-২৩.০৬.২০১৫**

১০.৬১ শতাংশ জমি। জেলা- চট্টগ্রাম, থানা- সাবেক পাঁচলাইশ, বর্তমান খুলশী, মৌজা- খুলশী, জেল নং-০২,আর.এস. খতিয়ান নং- ১৮৬/১, ১৮৬/১৩ ও আর. এস. দাগ নং- ৫৫৩ এবং সংশ্লিষ্ট পি. এস. দাগ নং- ১৮০ । পি.এস খতিয়ান ৩০, ৩০/২৬, ৩০/১, পি.এস. নামজারী খতিয়ান নং- ২০৯(সাবেক), বর্তমান ২০৯/২৩, ২০৯/২৪। পি. এস. দাগ নং- ১৮০। কবলা দলিল নং- ১৬৬৯, তারিখ: ১১.০৩.২০০৪ এবং কবলা দলিল নং- ৭১০৫, তারিখ: ২১.০৪.২০১০, কবলা দলিল নং-১৫৮৪০, তারিখঃ ২৯/০৯/২০১১।

চৌহদ্দিঃ উত্তরেঃ নিজাম উদ্দিনের এর জায়গা, দক্ষিণেঃ সোসাইটি রোড, পূর্বেঃ আবুহেনার জায়গা, পশ্চিমেঃ আবুল কাশেমের জায়গা ।

**শর্তাবলী ঃ**

০১) আগ্রহী দরদাতা/দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্টক্ষারে নাম, পিতার নাম, ঠিকানা বা কোম্পানী/ফার্মের ক্ষেত্রে উহা নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা দরপত্রের সহিত উল্লেখ করতে হবে।

০২) দাখিলকৃত দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্টাক্ষরে "সম্পত্তি ক্রয় দরপত্র" প্রস্তাব উল্লেখ করতে হবে। তফসিলভূক্ত সম্পত্তির আংশিক ক্রয়ের জন্য দরপত্র দেয়া যাবে না।

০৩) দরদাতাকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০৪) নির্ধারিত জামানতসহ **আগামী ২২/০৫/২০২৫ ইং** তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র সরাসরি অথবা রেজিষ্টার্ড ডাকযোগে **এনআরবিসি ব্যাংক পিএলসি, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম** এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে এবং ঐ দিন বিকাল ৪.৩০ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।

০৫) তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য **এনআরবিসি ব্যাংক পিএলসি, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম** এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সহিত দাখিল এবং নিম্ন বর্ণিত পরিশোধ সূচি অনুসরণঃ-

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকী টাকা পরিশোধের সময় |
|---|---|---|
| অনুর্ধ টাকা ১০,০০,০০০/- | ২০% | দরপত্র গৃহীত হইবার ৩০(ত্রিশ) দিন |
| টাকা ১০,০০,০০১/- হইতে অনুর্ধ্ব টাকা ৫০,০০,০০০/- | ১৫% | দরপত্র গৃহীত হইবার ৬০ (ষাট) দিন |
| টাকা ৫০,০০,০০০/- এর অধিক | ১০% | দরপত্র গৃহীত হইবার ৯০(নব্বই) দিন |

দরপত্র গৃহীত হইবার পর উপরে উল্লেখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হইলে জামানতের টাকা ব্যাংকের অনুকূল বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত উক্ত জামানতের টাকা ব্যাংকের দাবীকৃত অর্থের সহিত সমন্বয় করা হইবে। যে সকল দরপত্র গৃহীত হইবে না ঐ সকল দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ স্ব-স্ব ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে যথাসময়ে ফেরৎ প্রদান করা হইবে।

০৬) উপরোক্ত ৫নং অনুচ্ছেদ এর অধীন জামানত বাজেয়াপ্ত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত্ত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দারদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করতে আহ্বান করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হওয়ার পর উপরোক্ত মতে নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ নিলাম দরদাতাকে সম্পূর্ণ নিলাম মূল্য পরিশোধ করতে হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা উক্ত সময়সীমার মধ্যে নিলাম মূল্য পরিশোধে ব্যর্থ হলে তার জামানতও বাজেয়াপ্ত হবে।

০৭) দরপত্র গৃহীত হবার পরে লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরত দেয়া হবে।

০৮) কম জামানত বা জামানত বিহীন দরপত্র বা ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৯) দাখিলকৃত দরপত্রে তফসিল বর্ণিত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে কম বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হলে ব্যাংক তা গ্রহণে বাধ্য থাকবে না।

১০) তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়ন কর ইত্যাদিসহ কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না।

১১) সফল দরপত্রদাতাকে অর্থঋণ আদালত আইন-২০০৩ এবং পরবর্তী সংশোধনী মোতাবেক দখল প্রদান বা বুঝিয়ে দেওয়া হবে। তবে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল প্রয়োজনে জেলা ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২) সফল দরদাতাকে সরকারী বিধি-বিধান মোতাবেক সম্পত্তি রেজিষ্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।

১৩) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হবার জন্য নিম্ন স্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করতে পারবেন।

১৪) **এনআরবিসি ব্যাংক পিএলসি, ও.আর. নিজাম রোড শাখা, চট্টগ্রাম** কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ শিথিল বা বাতিল করার অধিকার ব্যাংক সংরক্ষণ করবে।

শাখা প্রধান
এন.আর.বি.সি ব্যাংক পিএলসি
ও.আর. নিজাম রোড শাখা।
ফোনঃ ০১৯৫৫-৫০২১১৮

পি-৮৭৩/২৫

দৈনিক ভোরের দর্পন 2৫/04/202৫